দৈনিক ইনকিলাব

তারিখ 16 NOV 1997
পৃষ্ঠা ২৭ কলাম ৩

29

# সকল কিন্ডার গার্টেনের জন্য নয়া আইন হচ্ছে

## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেছেন, আমাদের শিক্ষার সাথে আমাদের দেশের সংস্কৃতি ও ঐতিহ্যের সম্পৃক্ততা থাকতে হবে। গতকাল ধানমন্ডিস্থ ওয়ার্ল্ড ভিউ ইনস্টিটিউট অভ চাইল্ডহুড এডুকেশন আয়োজিত প্রশিক্ষণপ্রাপ্ত কিন্ডার গার্টেন স্কুল শিক্ষকদের মধ্যে সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন। ইনস্টিটিউটের রেক্টর ডঃ খান মোহাম্মদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে ইনস্টিটিউট কার্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডঃ মজহারুল ইসলাম।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, সকল কিন্ডার গার্টেন স্কুল একই নিয়মে পরিচালনার জন্য নতুন আইন হচ্ছে। অবশ্য এসব স্কুলের বিষয়ে এখনও একটি আইন আছে।

তিনি কিন্ডার গার্টেন স্কুল শিক্ষকদেরকে প্রাক প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা করার উদ্যোগকে স্বাগত জানান এবং এ উদ্যোগ উপযোগী হলে সহায়তা দেয়ার আশ্বাস দেন। ডঃ সিরাজুল ইসলাম বলেন, আমাদের শিক্ষা ব্যবস্থা অনুযায়ী ৬ বছর থেকে শিক্ষাদান কার্যক্রম শুরু হওয়ার কথা। কিন্তু কিন্ডার গার্টেন স্কুলগুলোতে ৬ বছরের নীচের শিশুদের উপর ১২টি বই, বাড়ীর কাজ এবং চাপ প্রয়োগ করে শিক্ষা দেয়ার বোঝা চাপিয়ে দিয়ে তাদের শিশুত্ব নষ্ট করে দেয়া হচ্ছে। তিনি বলেন, এ পরিস্থিতিতে ওয়ার্ল্ডহুড ভিউ ইনস্টিটিউট অভ চাইল্ডহুড এডুকেশন-এর উদ্যোগে এবং বিদেশী বিশেষজ্ঞদের সহযোগিতায় প্রতিষ্ঠিত হতে চলছে ইনস্টিটিউট অভ চাইল্ডহুড এডুকেশন।